

## 🗏 আত-তূর | At-Tur | ٱلطُّور

আয়াতঃ ৫২: ২৪

💵 আরবি মূল আয়াত:

## وَ يَطُوفُ عَلَيهِم غِلْمَانٌ لَّهُم كَأَنَّهُم لُؤلُؤٌ مَّكنُونٌ ﴿٢٢﴾

## 

আর তাদের সেবায় চারপাশে ঘুরবে বালকদল; তারা যেন সুরক্ষিত মুক্তা। — আল-বায়ান

তাদের চতুর্দিকে ঘুর ঘুর ক'রে তাদের সেবায় নিয়োজিত থাকবে কিশোরেরা (যারা এতই সুন্দর) যেন সযত্নে লুকিয়ে রাখা মণিমুক্তা। — তাইসিরুল

সুরক্ষিত মুক্তা সদৃশ কিশোরেরা সেখানে তাদের জন্য নিয়োজিত থাকবে। — মুজিবুর রহমান

There will circulate among them [servant] boys [especially] for them, as if they were pearls well-protected. — Sahih International

২৪. আর তাদের সেবায় চারপাশে ঘুরাঘুরি করবে কিশোরেরা, তারা যেন সুরক্ষিত মুক্তা।

তাফসীরে জাকারিয়া

- (২৪) তাদের (সেবায়) তাদের কিশোরেরা তাদের আশেপাশে ঘোরাফেরা করবে; যেন তারা সুরক্ষিত মুক্তা সদৃশ। [1]
  - [1] অর্থাৎ, জান্নাতীদের সেবার জন্যে তাদেরকে চিরকিশোর সেবকও দেওয়া হবে। যারা তাদের সেবা-শুশ্রুষার কাজে ঘুরে বেড়াবে। আর সৌন্দর্যে ও চমৎকারিত্বে এবং পরিষ্কার-পরিচ্ছন্নতায় তারা হবে সেই মুক্তাসদৃশ, যাকে সুরক্ষিত রাখা হয় এই আশঙ্কায় যে, যাতে হাত লেগে তার চমক ও উজ্জ্বল্য নষ্ট হয়ে না যায়।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4759

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন